প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় ২০১৬-২০১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর মন্ত্রণালয় বিভাগ ভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্প সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্প সংখা	জেডিসিএফ ভুক্ত প্রকল্প সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) -সর্বনিম্ন -সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) - সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	প্রধানমন্ত্রীর কার্যালয়	০২ টি	০২ টি	--	--	--	০১ টি	-৫০% -৫০%	--	--

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০২টি

২। সমাপ্ত প্রকল্পসমূহের প্রকৃত ব্যয় ও মোয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	প্রকৃত বাস্তবায়নকাল
আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ (চাইনিজ অর্থনৈতিক ও শিল্পাঞ্চল) প্রকল্প।	৪১৯৮১.৪৭	জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৬
কন্সট্রাকশন অব এনজিও অ্যাফেয়ার্স ব্যুরো অফিস বিল্ডিং	৪০৬৩.৭২	নভেম্বর, ২০১৪ থেকে ডিসেম্বর, ২০১৬

৩। সমাপ্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ (চাইনিজ অর্থনৈতিক ও শিল্পাঞ্চল) প্রকল্প।	মূল বাস্তবায়নকালের মধ্যে আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ৭৭৪.৪২৫ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। কিন্তু প্রকল্পের ডিপিপি'তে অন্তর্ভূক্ত সিকিউরিটি শেড, সিকিউরিটি পোষ্ট এবং সীমানা পিলার তৈরীর কাজ বাকি থাকায় ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
প্রকল্প এলাকার ভূমি অধিগ্রহণের ফলে কম বেশী ৩৮-৪০টি ভূমিহীন পরিবার আবাসহীন হয়ে পড়েছে।	প্রকল্প বাস্তবায়নের ফলে বাস্তুহীন হয়ে যাওয়া ভূমিহীন সকল পরিবারকে পূণর্বাসন এর আওতায় আনতে হবে।
আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য অধিগ্রহনকৃত ভূমিতে উঁচু-নিচু পাহাড় থাকায় প্রাকৃতিক সৌন্দর্য বিনষ্ট হবার সম্ভাবনা রয়েছে।	আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য পাহাড় না কেটে বিদ্যমান ল্যান্ডস্কেপ ও ভূমি বৈচিত্র্য অক্ষুন্ন রেখে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার লেআউট ও ডিজাইন তৈরি করতে হবে।
অডিট সম্পন্ন না হওয়া।	আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ (চাইনিজ অর্থনৈতিক ও শিল্পাঞ্চল) প্রকল্পের অডিট সম্পাদন করে আইএমইডিকে অবহিত করতে হবে।
ক্রয়কৃত আসবাবপত্রসমূহ সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ না করা।	প্রকল্পের আওতায় ক্রয়কৃত আসবাবপত্রসমূহ সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ করাতে হবে। সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ আসবাবপত্রের ক্রমিক নম্বর আসবাবপত্রের গায়ে লিপিবদ্ধ করতে হবে।
সঠিক সময়ে পিসিআর না পাওয়া।	**পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত** "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক **পরিপ**ত্র অনুসারে প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে প্রকল্প সমাপ্তির প্রতিবেদন আইএমইডিতে দাখিল করতে হবে। ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্প সমাপ্তির ক্ষেত্রে যথাসময়ে পিসিআর প্রেরণের বিষয়ে সচেষ্ট থাকতে হবে।

আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ (চাইনিজ অর্থনৈতিক ও শিল্পাঞ্চল) শীর্ষক প্রকল্পের **সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৭)

১. প্রকল্পের নাম : আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ (চাইনিজ অর্থনৈতিক ও শিল্পাঞ্চল)।

২. উদ্যোগী মন্ত্রণালয় : প্রধানমন্ত্রীর কার্যালয়

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)

৪. প্রকল্প এলাকা : আনোয়ারা, চট্টগ্রাম।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
৪২০৩৬.৯৪	-	৪১৯৮১.৪৭	জুলাই, ২০১৫ থেকে জুন, ২০১৬	জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৬	জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৬	-৫৫.৪৭ (-১.৩২%)	৬ মাস (৫০%)

৬. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১।	রাজস্ব খাত	-	-	১৯.৫০	-	১.৬৩
২।	মূলধন খাত	-	-	৩৮৯০৮.০০	-	৩৮৯০২.৫৩
৩।	প্রাইজ কনটিনজেন্সী	-	-	৩১০৯.৪৪	-	৩০৭৭.৩১
	মোট:	-	-	৪২০৩৬.৯৪	-	৪১৯৮১.৪৭

৭. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮. মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯. প্রকল্পের পটভূমি:

০৬-১১ জুন, ২০১৪ সালে মাননীয় প্রধানমন্ত্রীর চীন সফরকালে চীনের প্রধানমন্ত্রী বাংলাদেশ সরকারের প্রত্যক্ষ সহযোগিতায় G2G ব্যবস্থাপনায় চীনের বিনিয়োগকারীদের জন্য আলাদাবাবে একটি অর্থনৈতিক ও

শিল্পাঞ্চল প্রতিষ্ঠার উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ করেন। এ প্রেক্ষাপটে ০৯ জুন, ২০১৪ তারিখে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চলে কর্তৃপক্ষ (বেজা) ও বাণিজ্য মন্ত্রণালয় এর সাথে চীনের একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। চাইনিজ ইকোনমিক এন্ড ইন্ড্রাষ্ট্রিয়াল জোন স্থাপনের কার্যক্রম বিষয়ে গত ১৮ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতেত্বে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের গভর্নিং বোর্ডের ২য় সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে "জাপানী বিনিয়োগকারীদের জন্য নির্ধারিত অর্থনৈতিক অঞ্চল ও Chinese Economic & Industrial Zone এর জমি অধিগ্রহণের জন্য ডিপিপির মাধ্যমে এডিপি হতে অর্থায়ন করা হবে "। এ প্রেক্ষাপটে Chinese Economic & Industrial Zone প্রতিষ্ঠার লক্ষ্যে ভুমি অধিগ্রহণের নিমিত্ত প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে।

১০. প্রকল্পের উদ্দেশ্য : ক) আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল (চাইনিজ অর্থনৈতিক অঞ্চল) প্রতিষ্ঠার জন্য ভূমি সরবরাহ;

খ) টেকসই উন্নয়নে সহায়তা করা এবং অর্থনৈতিক অঞ্চলের মধ্যে বিভিন্ন পণ্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান স্থাপন;

গ) শিল্পাঞ্চল পরিচালনা এবং চীনা কোম্পানীগুলোকে আকৃষ্ট করার লক্ষ্যে অনুকূল ব্যবসায়িক পরিবেশে তৈরি;

ঘ) টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা ইত্যাদি।

১১. প্রকল্পের অনুমোদন: প্রকল্পটি একনেক কর্তৃক মোট ৪২০৩৬.৯৪ লক্ষ টাকা (এর সম্পূর্ণ অংশই জিওবি) প্রাক্কলিত ব্যয়ে ১ জুলাই ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি ১৫/০৯/২০১৫ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির ১ জুলাই ২০১৫ থেকে ৩১ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত ০৬ (ছয়) মাস মেয়াদ বৃদ্ধি করা হয়।

১২. প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ করা হয়েছে।

১৩. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবী	পূর্ণকালীন / খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মেয়াদকাল
১। জ্যোতি লাল কুরী অতিরিক্ত সচিব	অতিরিক্ত দায়িত্ব	১৭/১১/২০১৫	-	১৭/১১/২০১৫ হতে ৩১/১২/২০১৬

১৪. **অডিট সংক্রান্ত :**

অডিট সময়কাল	অডিট রিপোর্ট জমাদানের তারিখ	অডিট আপত্তি আছে কিনা	অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা
-	-	-	-

অডিট সম্পন্ন হয়নি।

১৫. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :** প্রকল্পের নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের সাফল্য সমুহ সংক্ষেপে নিম্নে উল্লেখ করা হল:

পরিকল্পিত উদ্দেশ্য	**অর্জিত ফলাফল**
ক) আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল (চাইনিজ অর্থনৈতিক অঞ্চল) প্রতিষ্ঠার জন্য ভূমি সরবরাহ; খ) টেকসই উন্নয়নে সহায়তা করা এবং অর্থনৈতিক অঞ্চলের মধ্যে বিভিন্ন পণ্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান স্থাপন;	ক) আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল (চাইনিজ অর্থনৈতিক অঞ্চল) প্রতিষ্ঠার জন্য ৭৭৪.৪২৫ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে ; খ) টেকসই উন্নয়নে সহায়তা করা এবং অর্থনৈতিক অঞ্চলের মধ্যে বিভিন্ন পণ্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল
গ) শিল্পাঞ্চল পরিচালনা এবং চীনা কোম্পানীগুলোকে আকৃষ্ট করার লক্ষ্যে অনুকূল ব্যবসায়িক পরিবেশ তৈরি; ঘ) টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা ইত্যাদি।	স্থাপন, শিল্পাঞ্চল পরিচালনা এবং চীনা কোম্পানীগুলোকে আকৃষ্ট করার লক্ষ্যে অনুকূল ব্যবসায়িক পরিবশে তৈরি এবং টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির কাজ প্রক্রিয়াধীন।

১৬. উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারণ : প্রযোজ্য নয়।

১৭. প্রকল্প এলাকা পরিদর্শন:

১৭.১ গত ১২/০১/১৮ তারিখ আইএমইডি'র উপ পরিচালক জনাব মোহাম্মদ এনামুল আহসান প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীগণ উপস্থিত থেকে পরিদর্শনে সহায়তা করেন।

প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্র:





চিত্র:১ ও ২ অর্থনৈতিক অঞ্চলের প্রবেশ রাস্তা ও অধিগ্রহণ কৃত ভূমি





চিত্র:৩ ভূমিহীনদের বসতবাড়ি

চিত্র:৪ সিকিউরিটি পোষ্ট

১৮. আইএমইডি'র পর্যবেক্ষণ:

১৮.১ প্রকল্পটি অনুমোদিত ব্যয়সীমার মধ্যে বাস্তবায়িত হলেও নির্ধারিত সময়ের মধ্যে শেষ হয়নি। ডিপিপিতে বর্ণিত প্রকল্পের উদ্দেশ্যসমূহ অর্জিত হয়েছে। আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ৭৭৪.৪২৫ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে ; তন্মধ্যে অধিগ্রহনকৃত ৪৮৩.৫৫ একর জমির দখল জেলা প্রশাসক, চট্টগ্রাম কর্তৃক বেজা'র অনুকূলে হস্তান্তর করা হয়েছে। গেজেট নোটিফিকেশন হয়েছে। ডিপিপিতে ৭৭৪.৪২৫০ একর জমি অধিগ্রহনের কথা উল্লেখ আছে। এর মধ্যে ২৯০.৮৭৫০ একর জমি খাস যা বেজার অনুকূলে বন্দোবস্ত দেয়া হয়েছে।

১৮.২ ২০১৫-১৬ অর্থ বছরে প্রাক্কলিত ব্যয় ৪২০,৩৬,৯৪,০০০/- (চারশত বিশ কোটি ছত্রিশ লক্ষ চুরানব্বই হাজার) টাকার মধ্যে ৪১৯,৪৫,৬৮,৪৮২.২৯ (চারশত উনিশ কোটি পঁয়তালিস্নশ লক্ষ আটষট্টি হাজার চারশত বিরাশি টাকা পঁচিশ পয়সা) টাকা ব্যয় হয়েছে। আর্থিক অগ্রগতি ৯৯.৭৮%। অব্যয়িত ৯১,২৫,৫১৭.৭১ (একানব্বই লক্ষ পঁচিশ হাজার পাঁচশত সতের টাকা একাত্তর পয়সা) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। **অতঃপর** প্রকল্পের ডিপিপি অন্তর্ভূক্ত সিকিউরিটি শেড, সিকিউরিটি পোষ্ট এবং সীমানা পিলার তৈরীর কাজ বাকি থাকায় প্রকল্পের মেয়াদ ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয় এবং ২০১৬-১৭ অর্থবছরে ফেরৎকৃত ৫০.২৫ (পঞ্চাশ লক্ষ পঁচিশ হাজার) লক্ষ টাকা পুনঃবরাদ্দ করা হয়। সিকিউরিটি শেড, সিকিউরিটি পোষ্ট এবং সীমানা পিলার তৈরীর কাজ সম্পন্ন হয়েছে।

১৮.৩ প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের ৪২০,৩৬,৯৪,০০০/- (চারশত বিশ কোটি ছত্রিশ লক্ষ চুরানব্বই হাজার) টাকার মধ্যে ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ অর্থ বছরে মোট ৪১৯,৯৫,৯৩,৪৮২.২৯ (চারশত উনিশ কোটি পঁচানব্বই লক্ষ তিরানব্বই হাজর চার শত বিরশি টাকা উনত্রিশ পয়সা) টাকা ছাড় হয়েছে। তন্মধ্যে ৩১ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত ৪১৯,৮১,৪৬,৫২১.২৯ (চারশত উনিশ কোটি একাশি লক্ষ ছিচলিস্নশ হাজার পাঁচশত একুশ টাকা উনত্রিশ পয়সা) টাকা ব্যয় হয়েছে। আর্থিক অগ্রগতি প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৯৭%এবং ভৌত অগ্রগতি ১০০%।

১৮.৪ এ এলাকায় কম বেশী ৩৮-৪০টি ভূমিহীন পরিবার বসবাস করত মর্মে জানা যায়। প্রকল্পের বাস্তবায়নের ফলে এ পরিবারসমূহ আবাসহীন হয়ে পড়েছে। ভূমিহীন এ সকল পরিবারকে পুণর্বাসন এর আওতায় আনা প্রয়োজন।

১৮.৫ অধিগ্রহনকৃত ভুমি উচু নিচু এবং পাহাড় থাকায় প্রাকৃতিক সৌন্দর্য সমৃদ্ধ। চাইনিজ অর্থনৈতিক ও শিল্পাঞ্চল তৈরির কাজ এখনো শুরু হয় নি। অধিগ্রহনকৃত ভুমি বর্তমানে অব্যবহৃত অবস্থায় রয়েছে।

১৯. আইএমইডি'র মতামত /সুপারিশ:

১৯.১ আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য পাহাড় না কেটে বিদ্যমান ল্যান্ডস্কেপ ও ভূমি বৈচিত্র্য অক্ষুন্ন রেখে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার লেআউট ও ডিজাইন তৈরি করতে হবে।

১৯.২ আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের (চাইনিজ অর্থনৈতিক ও শিল্পাঞ্চল) পরবর্তী প্রয়োজনীয় ধাপ/কার্যক্রম নির্ধারিত তারিখের মধ্যে শুরু করতে হবে।

১৯.৩ প্রকল্প বাস্তবায়নের ফলে বাস্তুহীন হয়ে যাওয়া ভূমিহীন সকল পরিবারকে পূণর্বাসন এর আওতায় আনতে হবে।

১৯.৪ আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের সাথে সাথে প্রকল্প এলাকার আশে পাশে যাতায়াত ব্যবস্থা উন্নত করা

প্রয়োজন।

১৯.৫ আনোয়ারা-২ অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ (চাইনিজ অর্থনৈতিক ও শিল্পাঞ্চল) প্রকল্পের অডিট সম্পাদন করে আইএমইডিকে অবহিত করতে হবে।

১৯.৬ প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়ন হয়েছে। কিন্তু ডিপিপি ইংরেজী ভাষায় প্রণয়ন করা হয়েছে। ভবিষ্যতে ডিপিপি প্রণয়নের ক্ষেত্রে নীতি মালা অনুসরণ করতে হবে।

১৯.৭ প্রকল্প এলাকায় বসবাসরত গ্রামীণ জনগণের আর্থসামাজিক উন্নতি এবং আগামীতে চীনা বিনিয়োগের অনুকূল সহায়ক ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টির বিষয়ে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষকে দ্রুত কর্মপরিকল্পনা তৈরি এবং তা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেওয়া হল।

১৯.৮ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৯.১ হতে ১৯.৭) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ২১ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।

কন্সট্রাকশন অব এনজিও এফেয়ার্স ব্যুরোঅফিস বিল্ডিং শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৬)

১. প্রকল্পের নাম : কন্সট্রাকশন অব এনজিও এফেয়ার্স ব্যুরো অফিস বিল্ডিং

২. উদ্যোগী মন্ত্রণালয় : প্রধানমন্ত্রীর কার্যালয়

৩. বাস্তবায়নকারী সংস্থা : গনপূর্ত বিভাগ

৪. প্রকল্প এলাকা : প্লট ই-১৩-বি, আগারগাঁও, ঢাকা

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
৪৭৩৭.৪৭	৪৭৩৭.৪৭	৪০৬৩.৭২	০১/০১/২০১৪ থেকে ৩১/১২/২০১৬	০১/০১/২০১৪ থেকে ৩১/১২/২০১৬	০৯/১১/২০১৪ থেকে ৩১/১২/২০১৬	-৬০৫ ১৩.৫৪%	-

৬. প্রকল্পের অংগ ভিত্তিক অগ্রগতি:

(লক্ষ টাকায়)

কাজের আইটেম (পিপি অনুযায়ী)	ইউনিট	লক্ষ্যমাত্রা (পিপি অনুযায়ী)		প্রকৃত অগ্রগতি		বিচ্যুতির কারণসমূহ
		আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১	২	৩	৪	৫	৬	৭
১। ভিত্তি	বর্গমিটার	১০৪৩.১৪	২৪৮১.	১০২৫.৩৩	২১৮১	আর্কিটেকচার এবং স্ট্রাকচারাল অংকন অনুযায়ী কাজ সম্পন্ন
২।পরিকাঠামোর খরচ	বর্গমিটার	২২০১.৫৬	১০৭৫৫৫.৮	২১১৭.১৭	১০৭৫৫.৮	আর্কিটেকচার এবং স্ট্রাকচারাল অংকন অনুযায়ী কাজ সম্পন্ন
৩।অভ্যন্তরীণ স্যানিটারী এবং পানি সরবরাহ	বর্গমিটার	৯১.১৫	১১৯৯৭	৯১.১৫	১১৯৭৭	আর্কিটেকচার এবং স্ট্রাকচারাল অংকন অনুযায়ী কাজ সম্পন্ন
৪।অভ্যন্তরীণ বিদ্যুতায়ন	বর্গমিটার	১০৬	১১৯৯৭	৯৭.৮৪	১১৯৯৭	আর্কিটেকচার এবং স্ট্রাকচারাল অংকন অনুযায়ী কাজ সম্পন্ন
৫। গ্যাস সংযোগ	১টি জব	১০	১	৯.৯৯	১	আর্কিটেকচার এবং স্ট্রাকচারাল অংকন অনুযায়ী কাজ সম্পন্ন
৬। গভীর নলকূপ স্থাপনসহ বাহ্যিক পানি এবং পয়নিষ্কাশন	১ টি ডিটিডব্লিউ	১৫০.৫৬	১ ডিটিডব্লিউ	৬৯.৮৮	১ ডিটিডব্লিউ	পানি রিজাভয়র সিস্টেম স্থাপন
৭। সংযোগ রাস্তা	এল এস	১৫	১	১৪.৯৯	১	-
৮। কম্পাউন্ড ড্রেন	বর্গমিটার	৪.৩৬	১৮৬.৫	৪.৩৬	১৮৬.৫	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
৯। দেয়াল এবং গেইটের সীমানা	আর এম	১৬.২৬	২৩৬	১৬.২৬	২৩৬	আর্কিটেকচার এবং স্ট্রাকচারাল অংকন অনুযায়ী কাজ সম্পন্ন
	বর্গমিটার	৩.১১	৩৩.৪৪	৩.১১	৩৩.৪৪	
১০। একাউস্ট্রিকস জন্য অতিরিক্ত খরচ	এল এস	২০	১	১৪.৯১	১	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
১১।ফায়ার ফাইটিং		২০	১০০.০০%	১৯.৩২	১০০.০০	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী

কাজের আইটেম (পিপি অনুযায়ী)	ইউনিট	লক্ষ্যমাত্রা (পিপি অনুযায়ী)		প্রকৃত অগ্রগতি		বিচ্যুতির কারণসমূহ
		আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১	২	৩	৪	৫	৬	৭
					%	কাজ সম্পন্ন
১২। আরবরিকালচার এবং ভূমি স্কেপিং	এস এস	২০	১	১৯.৯১	১	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
১৩। সাইট উন্নয়ণ	এল এস	৮	১	০		প্রয়োজন নাই
১৪। বহির্ভাগ বিদুয়তায়ন ক,এলটি সুইচগিয়ার ,এইচটি (পিএফআই, তার আর্থিংসহ ১০০০কেভিএ সাব স্টেশন		১০৪.২৭	১০০.০০%	১০৪.২৫	১০০.০০ %	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
খ) বিভিন্ন তলায় এমডিবি,ডিবি সহ এলটি বিতরন তার		৩৪.৭৭	১০০.০০%	২৮.২৯	১০০.০০ %	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
গ)স্বয়ংক্রিয় ভোল্টেজ রেগুলেটর		৫০.৪৪	১০০.০০%	৫০.৪	১০০.০০ %	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
ঘ)কম্পাউন্ড ,নিরাপত্তা গেইট এবং বাগানের লাইট	জব	৯.৯	১	৯.৮	১	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
ঙ) এয়ার কুলার সিস্টেম	টনস	১৮.৩১	৩০	১৮.৩	৩০	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
চ) লিফটঃ২ টি, ১০০০কেজি, ১৩ যাত্রী ধারন সম্পন্ন	এনওএস	৭০.৫২	২	৭০.৫১	২	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
ছ) জেনারেটরঃ ২০০কেভিএ ইমারজেন্সি জেনারেটর সহ	এনওএস	৪৭.১৪	১০০.০০%	৪১.২৯	১০০.০০ %	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
জ)বিভিন্ন তলায় এমডিবি,ডিবি সহ ইমারজেন্সি বিতরন তার		১১.৯৩	১০০.০০%	৮.৬	১০০.০০ %	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
ঝ)অগ্নি নির্বাপক	এল এস	৭.৩৫	১	৬.৭২	১	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
ঞ) পানি পাম্প মোটর সেট ১০ এইচ পি	এনওএস	৬	১	৫.৭৬	১	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
ট) সোলার প্যানেল সিস্টেম ১০ কে ডব্লিউ পি	কে ডব্লিউ	১৮.৫৭	১	১৮.৫৬	১	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
ঠ)ডেসা/ডেসকো/ডিপিডিসি সংযোগ	জব	২৩	১	২২.৪৮	১	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
১৫) ইন্টারকম এবং ল্যান সিস্টেম		৯	১০০.০০%	৮.৬২	১০০%	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
১৬)সম্মেলন কক্ষ,ডিজি কক্ষ,পরিচালকদের কক্ষ এবং গ্রন্থাগারে লাইট সরবরাহ		১০	১০০.০০%	৯.৩৮	১০০.০০ %	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
১৭)টেলিফোন এবং ইন্টারকম সিস্টেম সরবরাহ		১০	১০০.০০%	৯.৯৮	১০০.০০ %	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
১৮)বিভিন্ন তলায় এসির জন্য কন্ট্রল প্যানেল এবং তার সরবরাহ		১০	১০০.০০%	৯.৯৬	১০০.০০ %	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
১৯)অভ্যন্তরীন বিদ্যুতায়নের কাজের অবশিষ্ট		১০	১০০.০০%	৯.৬৪	১০০.০০ %	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
২০)অন্যান্য কক্ষে বিশেষ ধরনের লাইট সরবরাহ		১০	১০০.০০%	৯.৯১	১০০.০০ %	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন

কাজের আইটেম (পিপি অনুযায়ী)	ইউনিট	লক্ষ্যমাত্রা (পিপি অনুযায়ী)		প্রকৃত অগ্রগতি		বিচ্যুতির কারণসমূহ
		আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১	২	৩	৪	৫	৬	৭
২১)বিভিন্ন তলায় প্রয়োজনীয় ইলেক্ট্রিক্যাল বিতরন সিস্টেম সরবরাহ		৭.৫	১০০.০০%	৭.৩১	১০০.০০ %	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
২২)আসবাবপত্র ও অন্যান্য সামগ্রী		৭৫.৪৪		৭৫.৩৮		ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
২৩)নিরাপত্তা এবং এক্সেস নিয়ন্ত্রন সিস্টেম	জব	১৬.৫	১	১৬.০৭	১	ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী কাজ সম্পন্ন
২৪)মাটি তদন্ত/পরীক্ষা	জব	৩	১	০		
২৫)পাথরের ভিত্তি বসানো	জব	১৫	১	১৫		মাননীয় প্রধানমন্ত্রীর কর্তৃক ব্যুরোর নতুন ভবন উদ্বোধনের জন্য রাখা অর্থ
২৬) থ্রিডি মডেলিং	জব	১	১	০		প্রয়োজন নাই
২৭)অটোক্যাড কন, ড্রাফটিং, এবং স্ট্রাকচারালের প্রিন্টিং	এল এস	২		০		কোন বিল পরিশোধ করা হয়নি
২৮)সম্মানী	এল এস	৫.৫	এন/এ	১.১৫	এন/এ	
২৯)বিজ্ঞাপন ও প্রচার	এল এস	২.৫	এন/এ	২.১৪	এন/এ	
৩০)পরীক্ষার যন্ত্রপাতি	এস এস	৮				
৩১)টাকার ২% ফিজিক্যাল অনাকাঙ্ক্ষিত খরচ		৮৬.১৪				
৩২) টাকার ৮% মুল্য অনাকাঙ্ক্ষিত খরচ		৩৪৪.৫৪				
মোট :		**৪৭৩৭.৪৬**		**৪০৬২.৬২**		

৭. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:প্রযোজ্য নয়।

৮. মূল্যায়ন পদ্ধতি:প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তবঅগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯. প্রকল্পের পটভূমি :

এনজিও বিষয়ক ব্যুরোর মৎস্য ভবনে ১০ তলার পুরা অংশ ও ১১ তলার কিয়দংশে মাত্র ৮৬৮৭ বর্গফুট স্থানে কার্যক্রম পরিচালিত হত। ১৯৯০ সালে এনজিও এফেয়ার্স ব্যুরো প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে পৃথকভাবে কার্যক্রম শুরু করে। তারপুর্বে স্বল্পপরিসরে তীব্র স্থানাভাবে এর কার্যক্রম পরিচালিত হচ্ছিল। নথিপত্র সংরক্ষণ ছাড়াও কর্মকর্তা কর্মচারীদের স্থান সঙ্কুলানের জন্য ভবন নির্মানের প্রয়োজনীয়তার বিষয়টি বিবেচনা করে সরকার আগারগাও এ ৮৪ শতাংশ জমি এনজিও ব্যুরোর অনুকুলে বরাদ্দ প্রদান করেছিল এবং তৎপরিবর্তিতে উক্ত স্থানে এনজিও এফেয়ার্স ব্যুরোর নিজস্ব ভবন নির্মান কল্পে প্রকল্পটি গৃহিত হয়।

১০. প্রকল্পের উদ্দেশ্য : ১। এনজিও এফেয়ার্স ব্যুরোর সক্ষমতা বৃদ্ধি;
২। এনজিও এফেয়ার্স ব্যুরোর নিজস্ব ভবন নির্মান;
৩। পরিবেশ বান্ধব ও উন্নত পরিবেশে এনজিও এফেয়ার্স ব্যুরোর কর্মকর্তা কর্মচারী গণের কাজ করার সুযোগ সৃষ্টি;

১১. প্রকল্পের অনুমোদন অবস্থা :

কন্সট্রাকশন অব এনজিও এফেয়ার্স ব্যুরো অফিস বিল্ডিং প্রজেক্ট স্থাপন শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৪৭৩৭.৪৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জানুয়ারী২০১৪ থেকে ডিসেম্বর ২০১৬ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে বিগত ১১/০২/২০১৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। এরপর ২৯/১২/২০১৬ তারিখে আন্তঃঅঙ্গের ব্যয় সমন্বয়ের লক্ষ্যে আন্তঃখাত সমন্বয় করা হয়।

১২. প্রকল্পটির কার্যক্রম আইএমইডি কর্তৃক পরিবীক্ষণ:

নাম এবং পদবী	পরিদর্শনের তারিখ
আ ন ম রোকন উদ্দিন পরিচালক, আই এম ই ডি	১৫/০৯/২০১৫

১৩. আর্থিক ও বাস্তব কর্মসূচী

১৩.১ মূল ও সংশোধিত কর্মপরিকল্পনা পিপি অনুযায়ী:

অর্থ বছর	মূল পিপি অনুযায়ী আর্থিক এবং বাস্তব লক্ষ্যমাত্রা				সর্বশেষ সংশোধিত পিপি অনুযায়ী আর্থিক এবং বাস্তব লক্ষ্যমাত্রা			
	মোট	টাকা	পিএ	বাস্তব %	মোট	টাকা	পিএ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৩-২০১৪	৩৪০.৬২	৩৪০.৬২	-	৭.১৯%	-	-	-	-
২০১৪২০১৫	১৯০২.৫৪	১৯০২.৫৪	-	৪৭.৩৫%	-	-	-	-
২০১৫২০১৬	১২৫১.৪১	১২৫১.৪১	-	৭৩.৭৭%	০	০		
২০১৬-২০১৭	১২৪২.৯০	১২৪২.৯০	-	১০০%	০	০		
মোট	৪৭৩৭.৪৭	৪৭৩৭.৪৭		১০০%	-	-		-

১৩.২ সংশোধিত এডিপি বরাদ্দ এবং অগ্রগতি:

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ ও অগ্রগতি				অর্থ অবমুক্তি	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	পিএ	বাস্তব %		মোট	টাকা	পিএ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১৩-২০১৪	৩৪০.৬২	৩৪০.৬২	-	৭.১৯%	০.০০	০.০০	০.০০	-	০%
২০১৪২০১৫	১৯০২.৫৪	১৯০২.৫৪	-	৪৭.৩৫%	১০০০.০০	৯৯৭.৭৯	৯৯৭.৭৯	-	২৯%
২০১৫২০১৬	১২৫১.৪১	১২৫১.৪১	-	৭৩.৭৭%	২০০০.০০	১৯৮২.৪৫	১৯৮২.৪৫	-	৭৮%
২০১৬২০১৭	১২৪২.৯০	১২৪২.৯০	-	১০০%	১১৫১.৪৫	১০৮৩.৪৮	১০৮৩.৪৮	-	১০০%
মোট	৪৭৩৭.৪৭	৪৭৩৭.৪৭		১০০%	৪১৫১.৪৫	৪০৬৩.৭২	৪০৬৩.৭২	-	১০০%

১৪. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবী	পূর্ণকালীন / খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মেয়াদকাল
১। কে এম আব্দুস সালাম, যুগ্ম সচিব	খন্ডকালীন	মে, ২০১৪	নভেম্বর, ২০১৬	২০১৪-২০১৬
২। গোকুল কৃষ্ণ ঘোষ, যুগ্ম সচিব	খন্ডকালীন	ডিসেম্বর, ২০১৬	ডিসেম্বর, ২০১৬	২০১৬-২০১৬

১৫. **অডিট সংক্রান্ত :**অডিট সম্পন্ন হয়ছে।

অডিট সময়কাল	অডিট রিপোর্ট জমাদানের তারিখ	অডিট আপত্তি আছে কিনা	অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা
২০১৫ থেকে ২০১৬	-	অডিট আপত্তি নাই	-
২০১৬ থেকে ২০১৭	-	অডিট আপত্তি নাই	-

১৬. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :** প্রকল্পের নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের সাফল্য সমুহ সংক্ষেপে নিম্নে উল্লেখ করা হল:

পরিকল্পিত উদ্দেশ্য	**অর্জিত ফলাফল**
১। এনজিও এফেয়ার্স ব্যুরোর সক্ষমতা বৃদ্ধি;	১। নিজস্ব অফিস ভবন নির্মিত হওয়ায় জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ের ২৬১০টি এনজিও প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদান, প্রকল্প অনুমোদন, অর্থছাড়, বিদেশী বিশেষজ্ঞ নিয়োগ ও এনজিও কার্যক্রম মুল্যায়ন ইত্যাদি কাজের গতি বৃদ্ধি পেয়েছে।
২। এনজিও এফেয়ার্স ব্যুরোর নিজস্ব ভবন নির্মান;	২। ১৩ তলা ফাউন্ডেশন সহ ৫ তলা পর্যন্ত ভবন নির্মান করা হয়েছে।
৩। পরিবেশ বান্ধব ও উন্নত পরিবেশে এনজিও এফেয়ার্স ব্যুরোর কর্মকর্তা কর্মচারীগণের কাজ করার সুযোগ সৃষ্টি;	৩। পরিবেশ বান্ধব ও উন্নত পরিবেশে এনজিও এফেয়ার্স ব্যুরোর কর্মকর্তা কর্মচারী গনের কাজ করার সুযোগ সৃষ্টি হয়েছে। পরিবেশ উন্নত হওয়ায় সেবার মান বেড়েছে। দাপ্তরিক নথিপত্র এবং আইসিটি সামগ্রী যথাযথভাবে সংরক্ষণ করা সম্ভব হচ্ছে। বিদেশী এনজিও এবং দাতা সংস্থার প্রতিনিধিগন এ দপ্তরে আগমন করেন বিধায় সরকারের ভাবমুর্তি বৃদ্ধি পেয়েছে।

১৭. উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারণ : প্রযোজ্য নয়।

১৮. প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ :

১৮.১ গত ১২ /০৪/২০১৮ তারিখ আইএমইডি'র উপ-পরিচালক জনাব মোহাম্মদ এনামুল আহসান প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব) জনাব গোকুল কৃষ্ণ ঘোষ এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মচারীগণ উপস্থিত থেকে পরিদর্শনে সহায়তা করেন।

১৮.২ পরিদর্শনে দেখা যায় যে, বাস্তবায়নকারী সংস্থা (ডিপোজিট) গণপূর্ত বিভাগ, গণপূর্ত সার্কেল-৩, ঢাকা কর্তৃক স্থাপনা ও নির্মাণ কাজ সমূহ সম্পন্ন হয়েছে। অফিস ক্যাম্পাসটি ইনস্টিটিউট ক্যাম্পাস পরিপাটি করে রাখা আছে। ১৩ তলা ফাউন্ডেশন সহ ৫ তলা পর্যন্ত ভবন নির্মাণ করা হয়েছে। মূল ভবনের ছাদে সোলার প্যানেল বসানো হয়েছে।

১৮.৩ ভবনটির নীচ তলায় রিসিপশন, মসজিদ, ২য় তলায় ডে –কেয়ার সেন্টার স্থাপন করা হয়েছে। ২য় তলার ফ্লোর পিপিপি কর্তৃপক্ষের নিকট ভাড়া দেয়া হয়েছে। ৩য় তলায় কনফারেন্স রুম ও ট্রেনিং রুম স্থাপন করা হয়েছে। ৪র্থ তলায় মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ, মিনি কনফারেন্স কক্ষসহ ৩ জন পরিচালকের অফিস স্থাপন করা হয়েছে। ৫ম তলায় এনজিও এফেয়ার্স ব্যুরোর কর্মকর্তা ও কর্মচারীগণের দাপ্তরিক কাজের জন্য স্থান ব্যবহার করা হচ্ছে।

১৮.৪ ১০০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন এবং ১টি ডীপ টিউবওয়েল স্থাপন করা হয়েছে। প্রকল্পের আওতায় মহাপরিচালকের দপ্তর, হল রুম, পরিচালকের দপ্তরসহ অন্যান্য কক্ষে ৭৫.৩৮ লক্ষ টাকার আসবাবপত্র গণপূর্ত বিভাগের কাঠের কারখানা কর্তৃক সরবরাহ করা হয়েছে। এনজিও এফেয়ার্স ব্যুরোর নিজস্ব ভবন নির্মা ণ হওয়ায় পরিবেশ বান্ধব ও উন্নত পরিবেশে কর্মকর্তা কর্মচারীগণের কাজ করার সুযোগ সৃষ্টি হয়েছে।

প্রকল্প পরিদর্শনকালীন স্থির চিত্র:



চিত্র:১ NGO বিষয়ক ব্যুরোর অফিস ভবন।



চিত্র:২ কনফারেন্স রুম।



চিত্র:৩ ভবনের সম্মুখ অংশ।



চিত্র:৪ ভবনের ছাদে স্থাপিত সোলার প্যানেল।

১৯. সার্বিক মতামত/সুপারিশসমূহ :

১৯.১ ভবন ও পার্শ্ববর্তী এলাকার সৌন্দর্য বহাল রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রকল্পের বাস্তবায়ন পরবর্তী ভবন পরিষ্কার পরিচ্ছন্ন রাখা (শৌচাগারসহ) ও নিরাপত্তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।

১৯.২ প্রকল্পের আওতায় ক্রয়কৃত আসবাবপত্রসমূহ সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ করাতে হবে। সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ আসবাবপত্রের ক্রমিক নম্বর আসবাবপত্রের গায়ে লিপিবদ্ধ করতে হবে। আসবাবপত্রের প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে।

১৯.৩ লিফ্ট এবং জেনারেটর নিয়মিত সার্ভিসিং করতে হবে। সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে ওয়ারেন্টি অনুযায়ী সার্ভিস গ্রহণ করতে হবে।

১৯.৪ প্রকল্পের বাস্তবায়ন পরবর্তী কার্যালয় সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অফিসিয়াল আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা করতে হবে। প্রকল্পের অধীনে নবসৃষ্ট সুবিধাদির সংরক্ষণ ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১৯.৫ এ ভবনে দর্শনার্থী রেজিস্টার সংরক্ষণ করতে হবে। ভবনটির রিসিপশন আরো সুন্দর ও জনবান্ধব করা যেতে পারে।

১৯.৬ সরকারের এ দপ্তরে প্রাপ্ত সেবা ও সুবিধা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ নিজস্ব 'ওয়েবসাইট' প্রণয়ন ও চালু এবং বহুল প্রচারের (বাংলা ও ইংরেজিতে লিফলেট প্রণয়ন , বিভিন্ন ইলেকট্রনি ক্স মিডিয়ায় প্রচার ইত্যাদি) ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেক্টরভিত্তিক স্টেকহোল্ডারদের সমন্বয়ে সেমিনার সিম্পোজিয়াম আয়োজনের মাধ্যমে স্ব স্ব সেক্টরের জন্য প্রযোজ্য সেবার ব্যবহার এবং নতুন নতুন সেবা সৃষ্টি ও উন্নয়নের জন্য করণীয় নির্ধারণ করতে হবে;

১৯.৭ **পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত** "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক **পরিপ**ত্র অনুসারে প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে প্রকল্প সমাপ্তির প্রতিবেদন আইএমইডিতে দাখিল করতে হবে। আলোচ্য প্রকল্পটি ডিসেম্বর, ২০১৬ তে সমাপ্ত হয়েছে। সমাপ্তির ১ (এক) বছর ২ (দুই) মাস পর পিসিআর পাওয়া গেছে। পিসিআর প্রাপ্তির

ক্ষেত্রে এ জাতীয় বিলম্ব কাম্য নয়। ভবিষ্যতে গৃহীতব্য প্রকল্প সমাপ্তির ক্ষেত্রে যথাসময়ে পিসিআর প্রেরণের বিষয়ে সচেষ্ট থাকতে হবে।

১৯.৮ উপরোক্ত সুপারিশ/মতামত (অনুচ্ছেদ ১৬.১ হতে ১ ৬.৭) অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা আগামী ২১ (একুশ)দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করবে।